# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬,
৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০১৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

Office of the Superintending Engineer
Contract & Procurement Cell
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1205
Phone: 02222230015
E-mail: dir.cpc@ bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-২১৩ তারিখঃ ৩০-০৬-২০২২ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে ক্রয়কার্যে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগ প্রসংগে।**

পিপিআর-২০০৮ এর জুন ১০, ২০১৮ খ্রিঃ তারিখের সংশোধন অনুসারে বিধি ৬৩(১) (ঘ) অনুযায়ী দরপত্র প্রক্রিয়াকরণে আবশ্যক সময় এবং ব্যয়, ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের তুলনায় অসামঞ্জস্য হলে ক্রয়কারী তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে (মূল্যসীমাঃ পণ্য ও সংশ্লিষ্ট সেবা-২৫ লক্ষ টাকা; কার্য ও ভৌত সেবা-৩০০ লক্ষ টাকা) সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারগণের নিকট হতে দরপত্র আহবান করতে পারবে। এছাড়া LTM এ চুক্তি সম্পাদনের সময় ২৮ দিনের স্থলে ১৪ দিন করা হয়েছে।

২। এমতাবস্থায়, সীমিত দরপত্র পদ্ধতি (LTM) সংক্রান্ত পিপিআর-২০০৮ (সংশোধিত) বিধি ৬৩ এবং বিধি ৬৪ অনুসরণপূর্বক অত্র দপ্তরের জারীকৃত সার্কুলারের স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ, স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০১.১৯-৭২, তারিখঃ ২২-০৩-২০২০ খ্রিঃ, স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১৯, তারিখঃ ১২-০১-২০২২ খ্রিঃ এবং স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৮৯, তারিখঃ ০৯-০৩-২০২২ খ্রিঃ (কপি সংযুক্ত) মোতাবেক মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে ক্রয়কার্যে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০/০৬/২০২২
(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-২১৩ তারিখঃ ৩০-০৬-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিঃ মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (সকল)........................................................বাপাউবো।
৩। প্রকল্প পরিচালক (সকল)........................................................বাপাউবো।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল)....................................বাপাউবো।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ঢাকা। (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৭। নির্বাহী প্রকৌশলী (সকল)......................................................, বাপাউবো।
৮। সকল দপ্তর প্রধান...................................................................., বাপাউবো।
৯। দপ্তর কপি ।

30.06.22
(মোঃ হালিম সালেহী)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬
৭২ গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০১৫ ইন্টারকমঃ ৩০০১৫
ই-মেইল: dir.cpc@bwdb.gov.bd

Office of the Superintending Engineer
Contract and Procurement Cell
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1205
Phone:02222230015 Intercom: 30015
email: director_cpc@yahoo.com

Website: www.bwdb.gov.bd


স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৮৯ তারিখঃ ০৯-০৩-২০২২ খ্রিঃ

## সংশোধিত সার্কুলার

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয়কার্যে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগ প্রসঙ্গে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয়কার্যে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগের বিষয়ে অত্র দপ্তর থেকে স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০১.১৮-৭২ তারিখঃ ২২-০৩-২০২০ খ্রিঃ (কপি সংযুক্ত) পরিপত্রের অনুচ্ছেদ-১ এ উল্লিখিত "......LTM পদ্ধতিতে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হলো" এর পরিবর্তে "......LTM পদ্ধতিতে সম্পাদন করা যেতে পারে" দ্বারা প্রতিস্থাপন করা হলো।

২। সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এ ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তিকরণ একটি চলমান প্রক্রিয়া হওয়ায় অত্র দপ্তর পরিপত্র স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ (কপি সংযুক্ত তে উল্লিখিত নির্দিষ্ট অর্থ বৎসর"২০২০-২০২১" এতদ্বারা বিলুপ্ত করা হলো।

৩। বর্ণিত পরিপত্রদ্বয় এবং উহার আলোকে প্রদত্ত সংশোধনীর (কপি সংযুক্ত) অন্যান্য ধারাসমূহ অপরিবর্তিত থাকবে।

৪। মহাপরিচালক, বাপাউবো, মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারী করা হলো।

০৯/০৩/২০২২

(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

স্মারক নং ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৮৯(১০০) তারিখঃ ০৯-০৩-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী (সকল),..........................................................................বাপাউবো।
২. প্রকল্প পরিচালক (সকল),..........................................................................বাপাউবো।
৩. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল),......................................................বাপাউবো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ঢাকা (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. নির্বাহী প্রকৌশলী (সকল),..........................................................................বাপাউবো।
৭. সকল দপ্তর প্রধান,...................................................................................বাপাউবো।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, (.......................................) বাপাউবো, ঢাকা।
৯. দপ্তর কপি।

০৯.০৩.২২

(মোঃ হালিম সালেহী)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা
পরিচিতি নাম্বারঃ ৮৭০১০১০০১।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬,
৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০১৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

Office of the Superintending Engineer
Contract & Procurement Cell
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1205
Phone: 02222230015
E-mail: dir.cpc@ bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১৯ তারিখ : ১২-০১-২০২২ খ্রিঃ

## সংশোধিত সার্কুলার

বাপাউবো'তে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির অধীন অনধিক ৩ (তিন) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ও ২৫ লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২০-২০২১ সরবরাহকারী তালিকাভুক্তিকরণ বিষয়ে অত্র দপ্তর থেকে স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ (কপি সংযুক্ত) দপ্তরাদেশ করা হয়। উক্ত দপ্তরাদেশে Enlistment Committee গঠনের ক্ষেত্রে (চ)(আ) তে ১ জন বাপাউবো বহির্ভূত সদস্যের সমন্বয়ে কমিটি গঠনের কথা উল্লেখ করা আছে। কিন্তু পিপিআর-২০০৮ এর তফসিল-০২ এর বিধি ৫২(৩)(খ) অনুযায়ী Enlistment Committee গঠনের ক্ষেত্রে কমপক্ষে ৩ জন সদস্যের মধ্যে ১ জন ক্রয়কারী বহির্ভূত সদস্যের বিষয়ে উল্লেখ রয়েছে। অর্থাৎ বাপাউবো'র অন্য ক্রয়কারীর দপ্তর হতে উপ-বিভাগীয় প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী/ সমমানের কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠন করা যেতে পারে। এমতাবস্থায়, পূর্ববর্তী দপ্তরাদেশ (অত্র দপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ) এর (চ)(আ) নং নিম্নোক্তভাবে সংশোধন করা হলোঃ

চ। প্রত্যেক নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩) (খ) মোতাবেক নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে Enlistment Committee গঠন করবেন যা সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত হতে হবেঃ

| | |
|---|---|
| (অ) নির্বাহী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা | - সভাপতি |
| (আ) ১ জন ক্রয়কারী বহির্ভূত সদস্য | - সদস্য |
| (ই) উপ-বিভাগীয় প্রকৌশলী/ সমমানের কর্মকর্তা | - সদস্য-সচিব |

২। উল্লেখ যে, অত্র দপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ এর অন্যান্য ধারা অপরিবর্তিত থাকবে।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারী করা হলো।

১২/০১/২০২২

(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-১৯ তারিখ : ১২-০১-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (সকল) ........................................, বাপাউবো।
৩. প্রকল্প পরিচালক (সকল)........................................, বাপাউবো।
৪. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল) ........................................বাপাউবো।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ঢাকা (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. নির্বাহী প্রকৌশলী (সকল) ........................................, বাপাউবো।
৮. সকল দপ্তর প্রধান,........................................, বাপাউবো।
৯. দপ্তর কপি।

12.01.2022

(মোঃ রেজাউল করিম)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন(নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৫৭১৬৪৩৪৭
ই-মেইলঃ dir.cpc@bwdb.gov.bd

Office of the Superintending Engineer
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 57164347
email: dir.cpc@bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখ : ২০-০৭-২০২০ খ্রিঃ

# পরিপত্র

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে সীমিত দরপত্র পদ্ধতির অধীন কার্য ক্রয় ও পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২০-২১ অর্থ বৎসরে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তিকরণ প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'তে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩(তিন) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ও ২৫ লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি করা হবে। এমতাবস্থায় ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি করার জন্য আগ্রহী ক্রয়কারীকে (Procuring Entity) নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে অনুরোধ করা হলোঃ

ক। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির জন্য আগ্রহী ক্রয়কারীকে বহুল প্রচারিত ০১টি বাংলা ও ০১টি ইংরেজী জাতীয় পত্রিকায় ০১ দিন বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

খ। ঠিকাদার/সরবরাহকারীগণ বাপাউবো'র যে বিভাগে/দপ্তরে তালিকাভুক্তিতে আগ্রহী সেই বিভাগের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী (Procuring Entity) এর দপ্তরে আবেদন পত্র জমা দিবেন। যে সকল ঠিকাদার/সরবরাহকারী বর্তমানে কোন নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী এর দপ্তরে তালিকাভুক্ত আছেন তাদেরকেও নবায়নের জন্য নিবন্ধন বহিতে প্রদত্ত শর্তানুযায়ী সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারীর দপ্তরে আবেদন পত্র জমা দিতে হবে।

গ। একই ঠিকাদার/সরবরাহকারী একের অধিক দপ্তরে/শ্রেনী(ক্যাটাগরী)তে তালিকাভুক্ত হতে পারবেন তবে পৃথকভাবে আবেদন করতে হবে এবং পৃথকভাবে সরকার নির্ধারিত ফি প্রদান করতে হবে।

ঘ। ঠিকাদার/সরবরাহকারীগণের নুতন তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী সিপিটিইউ এর ওয়েবসাইট (www.cptu.gov.bd) অথবা বাপাউবো'র ওয়েবসাইট (www.bwdb.gov.bd) হতে Standard Application Form for Enlistment (SAFE-A & SAFE-B) ডাউনলোড করে আবেদনপত্র (Document) প্রস্তুতপূর্বক তা তালিকাভুক্তির জন্য আগ্রহী ঠিকাদার/ সরবরাহকারীগণকে সরবরাহ করবেন। উল্লেখ্য, নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী কর্তৃক SAFE-B এর 4.1(d) তে Bank Solvency Certificate of Amount এ নির্দিষ্ট টাকার পরিমান উল্লেখ করতে হবে।

ঙ। ঠিকাদার/সরবরাহকারীগণকে তালিকাভুক্তির জন্য আবেদন পত্রের সাথে আবেদন ফি বাবদ ৫০০.০০ (পাঁচ শত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক) বরাবর দাখিল করতে হবে।

চ। প্রত্যেক নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩)(খ) মোতাবেক নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে Enlistment Committee গঠন করবেন যা সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত হতে হবেঃ

(অ) নির্বাহী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা - সভাপতি
(আ) ১ জন বাপাউবো বহির্ভুত সদস্য - সদস্য
(ই) উপ-বিভাগীয় প্রকৌশলী/ সমমানের কর্মকর্তা - সদস্য-সচিব

ছ। Enlistment Committee বিজ্ঞপ্তিতে চাহিদাকৃত তথ্যাদির ভিত্তিতে ঠিকাদার/সরবরাহকারীগণের নিকট হতে প্রাপ্ত তালিকাভুক্তি/নবায়নের আবেদন মূল্যায়ন করতঃ তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট অনুমোদনের জন্য সুপারিশ সহকারে দাখিল করবেন এবং প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের পর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী তালিকা সংরক্ষণ করবেন। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী কৃতকার্য তালিকাভুক্ত/নবায়নকৃত ঠিকাদার/সরবরাহকারীগণকে পত্রের মাধ্যমে অবহিত করবেন এবং নতুন ঠিকাদার/ সরবরাহকারীগণকে নিবন্ধন বহি প্রদান করবেন।

(অ:পৃ: দ্র:)

জ। নিবন্ধন বহি প্রদানের পূর্বে পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩)(ঙ) অনুযায়ী নুতন ঠিকাদার/সরবরাহকারীগণকে তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ২০২০-২১ সালে তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীগণকে পরবর্তি অর্থ বছর (২০২১-২০২২) থেকে প্রতি বৎসরের জন্য নবায়ন ফি বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট র‍্যাক এ অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, "নিবন্ধন/নবায়ন ফি" জমা দেয়ার সময় সরকার নির্দ্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (VAT) প্রদান করতে হবে।

ঝ। ক্রয়কারী কর্তৃক তালিকাভুক্তকরণ সম্পন্ন করা সাপেক্ষে ই-জিপি সিস্টেমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের ক্ষেত্রে দরপত্র দলিলে/নোটিশে "কেবলমাত্র অত্র ক্রয়কারীর দপ্তরে তালিকাভুক্ত প্রতিষ্ঠানই দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন " উল্লেখ করতে পারবে। যে সকল দপ্তর তালিকাভুক্তকরণ সম্পন্ন করবে না সে সকল পূর্বের নিয়মে ই-জিপিতে দরপত্র আহবান করতে পারবে।

২। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই পরিপত্র জারী করা হলো।

20/07/2020
(মোঃ মনিরুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখ: ২০-০৭-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

20/07/2020
(মোঃ মনিরুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখ: ২০-০৭-২০২০ খ্রিঃ
অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১| প্রধান প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/............................................. ..............বাপাউবো,........................|
২| পরিচালক/প্রকল্প পরিচালক /-তত্ত্বাবধায়ক প্রকৌশলী ......................................... বাপাউবো, ..........................|
৩| সচিব, বাপাউবো, ঢাকা।
৪| সিএসও টু মহাপরিচালক,বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)
৫| নির্বাহী প্রকৌশলী.......................................... ..........বাপাউবো,.........................|
৬| সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা| (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
৭| ব্যক্তিগত সহকারী , অতিঃ মহাপরিচালক (.........................)বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক মহোদয়ের অবগতিতে আনার অনুরোধসহ)
৮| দপ্তর কপি।

20/07/2020
(মোঃ হাফিজুল আলম)
নির্বাহী প্রকৌশলী

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন(নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৫৭১৬৪৩৪৭
ই-মেইল: dir.cpc@bwdb.gov.bd

Office of the Director
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 57164347
email: dir.cpc@bwdb.gov.bd

www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০১.১৯-৭২ তারিখ : ২২-০৩-২০২০ খ্রিঃ

## পরিপত্র

**বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে ক্রয়কার্যে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগ প্রসংগে।**

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয় কার্যের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিপিআর-২০০৮ এর জুন ১০, ২০১৮ তারিখের সংশোধন অনুসারে বিধি ৬৩(১)(ঘ) অনুযায়ী দরপত্র প্রক্রিয়াকরণে আবশ্যক সময় এবং ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের তুলনায় অসমঞ্জস হলে ক্রয়কারী তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে (মূল্যসীমা : পণ্য ও সংশ্লিষ্ট সেবা-২৫ লক্ষ টাকা; কার্য ও ভৌত সেবা-৩০০ লক্ষ টাকা), তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারগণের নিকট হতে দরপত্র আহবান করতে পারবে। এছাড়া LTM এ চুক্তি সম্পাদনের সময় ২৮ দিনের স্থলে ১৪দিন করা হয়েছে। এপ্রেক্ষিতে পরিচালন/রাজস্ব বাজেটের আওতায় উল্লিখিত মূল্যসীমার মধ্যের বাধ মেরামত/রিসেকশনিং, খাল খনন/পুন:খনন, কলোনী মেরামত (হাইড্রোলিক স্ট্রাকচার মেরামত ব্যতীত) ইত্যাদি কাজ LTM পদ্ধতিতে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। DoFP-2016 এ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রকিউরমেন্ট প্ল্যান অনুমোদিত হতে হবে।

৩। ই-জিপি সিস্টেমে LTM এ BoQ এ আইটেমের একক দর দশমিকের পর তিন ডিজিট উল্লেখ করতে হয়, সেকারণে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুতের সময় আইটেমের একক দর(Unit rate) দশমিকের পর তিন ডিজিট নিয়ে করতে হবে। উদাহরণস্বরূপ : সার্কেলের সিডিউলে কোন একটি আইটেমের একক দর ১২.৫০ টাকা আছে, সেটার একক দর ১২.৫০১ টাকা নিয়ে করতে হবে।

৪। ই-জিপি সিস্টেমে Tender Document এর Tender data sheet এ The minimum liquid assets i.e working capital or credit line(s) of the Tenderer shall be **Tk.( to be inserted)** .. substantiated by immediate past Audit Reports or credit line(s), substantiated by any scheduled Bank of Bangladesh as specified in the format **( to be attached in TD )**, without alteration, issued not earlier than twenty eight (28) days prior to the day of the original deadline for submission of Tenders উল্লেখ করা যুক্তিযুক্ত হবে।

৫। দরপত্র মূল্যায়ন কমিটি ০৩(তিন) সদস্য বিশিষ্ট হবে যার মধ্যে ০১(এক) জন অন্য ক্রয়কারী (Other PE) হতে নিতে হবে। এ সংক্রান্ত পূর্বে জারীকৃত সার্কুলারের নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

৬। উন্নয়ন প্রকল্পের ডিপিপির প্রকিউরমেন্ট প্ল্যানে ক্রয় পদ্ধতি হিসাবে LTM উল্লেখ থাকলে সে অনুযায়ী ক্রয় করা যাবে।

৭। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২২/০৩/2020

(মোঃ মনিরুল ইসলাম)
পরিচালক

অ:পৃ:দ্র:

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০১.১৯-৭২ তারিখ: ২২-০৩-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/প্রধান........................................... ..........বাপাউবো,.........................।

২। পরিচালক/প্রকল্প পরিচালক / তত্ত্বাবধায়ক প্রকৌশলী ........................................ বাপাউবো, .........................।

৩। সচিব, বাপাউবো, ঢাকা।

৪। সিএসও টু মহাপরিচালক,বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)

৫। নির্বাহী প্রকৌশলী........................................... ..........বাপাউবো,.........................।

৬। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

৭। ব্যক্তিগত সহকারী , অতিঃ মহাপরিচালক (.........................) বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)

৮। দপ্তর কপি।

Alam
২২।০৬।2020
(মোঃ হাফিজুল আলম)
নির্বাহী প্রকৌশলী